

জরুরী অবস্থা

আপনার কোন জরুরী অবস্থায় আমাদের কর্মচারী (স্টাফ) একজন দোভাষীর মামামে টেলিফোনে আপনার সাথে কথা বলবেন।

চিকিৎসা সংক্রান্ত জরুরী অবস্থা

- সরাসরি আপনার নিকটস্থ হাসপাতলের দুর্ঘটনা ও জরুরী (A&E) বিভাগে চলে যান।

অথবা

- আপনার যদি অ্যাম্বুল্যান্সের প্রয়োজন হয় তবে, ৯৯৯ (999) অথবা মোবাইল থেকে ১১২ (112) নম্বরে ডায়াল করুন।

পুলিশ সংক্রান্ত জরুরী অবস্থা

- ৯৯৯ অথবা মোবাইল থেকে ১১২ নম্বরে ডায়াল করুন।

ইনট্রান সম্বন্ধে মতামত, প্রশংসা অথবা উদ্বেগ

ইনট্রান সম্বন্ধে আপনাদের কি ধারণা তা আমরা জানতে চাই। আমাদের সেবা ব্যবহারের উপর ভিত্তি করে আপনার যদি কোন মতামত, প্রশংসা অথবা উদ্বেগ থাকে তা আমরা আপনাদের কাছ থেকে জানতে চাই। এই জানা আমাদেরকে আমাদের সেবার মান উন্নত করতে এবং অব্যাহত রাখতে সহায়তা করবে।

আপনার নাম এবং কি ভাবে আপনার সাথে যোগাযোগ করা যাবে তা জানা থাকলে উত্তর পাঠাতে অথবা আরও তথ্যের প্রয়োজনে, আপনার সাথে যোগাযোগ করতে আমাদেরকে সাহায্য করবে। তবে, আপনি না চাইলে যোগাযোগের বিস্তারিত তথ্য জানাবার প্রয়োজন নেই।

নিচের ঠিকানায় লিখুন :

ইনট্রান (INTRAN)
15 হুপার লেন (Hooper Lane)
নরউইচ (Norwich)
এনআর 3 4ইডি (NR3 4ED)

অথবা ইমেল

intran@norfolk.gov.uk

জুলাই 2008

Bengali



ইন ট্রান

সবার জন্য যোগাযোগ

দোভাষীর প্রয়োজন হলে
আপনি কি করবেন

08/08

নরফক দোভাষী এবং অনুবাদ এজেন্সি

পূর্বাঞ্চলে (ইস্টার্ন রিজনে) দোভাষী এবং
অনুবাদ এজেন্সি

What to do if you need an interpreter


ইনট্রান কি ?

ইনট্রান গোপনীয়তা রক্ষাকারী এবং ফী বিহীন একটি সেবা সংস্থা (সার্ভিস)। আমরা ব্রিটিশ আকার-ইংগিত ভাষার দোভাষী, ঠোট-বক্তা এবং ১৫০ টি ভাষায় বিদেশী ভাষায় অনুবাদকের (দোভাষীর) ব্যবস্থা করে থাকে।

দোভাষীর ভূমিকা

- সব ইনট্রান দোভাষী পেশাদার, তারা ব্যাপক প্রশিক্ষণপ্রাপ্ত এবং পুলিশ দ্বারা তাদের পরিচয় যাচাই করা হয়েছে।
- অনুবাদক আপনার এবং কর্মচারীর (স্টাফ) মধ্যে কথা বলতে সুবিধা করে দেয়।
- কর্মচারী কি বললেন তার জন্য দোভাষীরা দায়ী নন। কি কথা বলা হচ্ছে তা আপনি বুঝতে না পারলে, অনুগ্রহ করে বলবেন।
- দোভাষী কোন উপদেশ বা পরামর্শ দেবেন না, তবে কর্মচারীর সাথে কথা বলতে আপনাকে সাহায্য করবেন।
- সাক্ষাৎকারের সময় যা কিছু আলোচিত হবে তার গোপনীয়তা রক্ষা করা হবে।

ইনট্রান কোথায় পাবেন ?

যেখানে আপনি  চিহ্ন দেখবেন সেখানে একজন আপনাকে আপনার ভাষায় সাহায্য করতে পারবেন।

উদাহরণ স্বরূপ, নিচের সেবা সংস্থাগুলি আপনার সাথে দোভাষীর মাধ্যমে কথা বলতে পারে :

- চিকিৎসক (ডাক্তার)
- ঔষধ বিশেষজ্ঞ (ফার্মাসিস্ট)
- আবাসন (হাউজিং)
- বিদ্যালয় (স্কুল)
- পুলিশ
- হাতপাতাল
- সমাজ সেবা
- গ্রন্থাগার (লাইব্রেরী)

অন্যান্য সেবার ব্যাপারে ইনট্রানের প্রাপ্যতা সম্বন্ধে আপনি নিশ্চিত না থাকলে, আপনার ইনট্রান কার্ড কর্মচারীকে দেখান অথবা তাকে জিজ্ঞাসা করুন যে আপনি একজন দোভাষী পেতে পারেন কি।

ইনট্রান ব্যবহারের প্রয়োজন হলে আপনাকে এইগুলি করতে হবে

- আপনি কোন ভাষায় কথা বলেন তা কর্মচারীকে জানান
- অথবা
- আপনার ইনট্রান কার্ডটি দেখান
- অথবা
- আপনাকে একটি কার্ড/পোস্টার দেখানো হবে, যেটাতে আপনি যে ভাষায় কথা বলেন তার প্রতি মনযোগ আকর্ষণ করতে পারেন।
- এরপর
- ওরা দোভাষীর জন্যে ফোন করা কালীন সময়ে অপেক্ষা করুন।
- আপনার কি প্রয়োজন তা দোভাষীকে টেলিফোনের মাধ্যমে ব্যাখ্যা করুন।
- আপনার প্রয়োজনীয় তথ্যের পরিমাণ স্বল্প হলে, তা আপনাকে টেলিফোন-দোভাষীর মাধ্যমে ব্যাখ্যা করা যেতে পারে।
- যদি সাক্ষাৎকারের প্রয়োজন হয়, আপনাকে তার তারিখ ও সময় জানিয়ে দেয়া হবে। সাক্ষাৎকারের সময় সাধারণত আপনার জন্য একজন মুখোমুখি, তবে অনেক সময় টেলিফোনের মাধ্যমে, দোভাষীর ব্যবস্থা করা হবে।